

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 06-03-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Governor :

রাজ্যপাল ইন্ড্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশের সীমান্ত সুরক্ষা নিশ্চিত করতে বিএসএফ খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গতকাল পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর মহকুমার বিভিন্ন সীমান্তবর্তী কয়েকটি বি.ও.পি পরিদর্শনকালে তিনি একথা বলেন। রাজ্যপাল সীমান্তবর্তী এলাকায় কেন্দ্রীয় প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কাজও পরিদর্শন করেন।

সফরকালে রাজ্যপাল প্রথমে তারানগর বিএসএফ ক্যাম্প পরিদর্শন করেন। সেখানে তিনি জওয়ানদের থাকা খাওয়ার ব্যবস্থা, পানীয় জল, সিগন্যাল সেন্টার, অস্ত্রাগার পরিদর্শন করেন। তিনি বিজয়নগর সীমান্তবর্তী এলাকায় কৃষি কাজে ব্যবহৃত জলসেচ প্রকল্পটি পরিদর্শন করেন। তাছাড়া রাজ্যপাল শ্রী নাল্লু ঈশানপুর গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে স্ব-সহায়ক দলের মহিলা, ব্রহ্মকুণ্ড পঞ্চায়েতের জনগণ ও ভাগলপুর গ্রাম পঞ্চায়েতের জনগণের সঙ্গে পিএম কিষান, প্রধানমন্ত্রী গ্রামসড়ক যোজনা, প্রধানমন্ত্রী আবাস যোজনা, উজ্জ্বলা যোজনা, হর ঘর বিজলী, জল জীবন মিশন, মহিলা স্ব-শক্তিকরণ বিষয়ে আলোচনা করেন।

PMJAY :

আয়ুশ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যে এখন পর্যন্ত ১৫ লক্ষ ৭২ হাজার ৯৫ জন সুবিধাভোগী চিকিৎসা পরিষেবা পাবার জন্য নাম নথিভুক্ত করেছেন। তার মধ্যে ৪ লক্ষ ৮ হাজার ৭৮৮ জন সুবিধাভোগী চিকিৎসা

পরিষেবা পেয়ে উপকৃত হয়েছেন এতে খরচ হয়েছে ২২২ কোটি ৪২ লক্ষ টাকা। তাছাড়া মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত রাজ্যে ৪ লক্ষ ৯৪ হাজার ৩৪ জন সুবিধাভোগীর নাম নথিভুক্ত হয়েছে। তারমধ্যে চিকিৎসা পরিষেবার গ্রহণ করেছেন ২৮ হাজার ৮৭৯ জন। এর জন্য ব্যয় হয়েছে ১৩ কোটি ১৮ লক্ষ টাকা। রাজ্যে আয়ুস্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার মুখ্য কার্যনির্বাহী আধিকারী ডক্টর শুভেন্দু দেববর্মা গতকাল আকাশবাণীর প্রতিনিধিকে এসংবাদ জানিয়েছেন।

BJP-Press Meet :

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী তথা বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা রাজ্য সরকারের দুই বছর পূর্তি উপলক্ষ্যে আগামী ৯ই মার্চ স্বামী বিবেকানন্দ ময়দানে প্রদেশ বিজেপি আয়োজিত সমাবেশে উপস্থিত থাকবেন। গতকাল প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দলের রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য একথা জানান।

TBJEE :

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার অনলাইন ফর্ম জমা দেওয়ার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ৯ই মার্চ পর্যন্ত আবেদন করা যাবে। ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান শুভদীপ পাল এখবর জানিয়েছেন।

Felicitatation-Sonamura :

জাতীয় স্তরে প্রতিযোগিতায় বিজয়ী সিপাহীজলা জেলার দুই চিত্রশিল্পী দেবকানা দত্ত ও দেবাক্ষিতা দত্তকে গতকাল সোনামুড়া নগর পঞ্চায়েতের পক্ষ থেকে

সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপ-নির্বাহী আধিকারিক প্রবীর সাহা, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া, নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক মহেন্দ্র কাম্বৈ চাকমা প্রমুখ।

বিএসএফ আটক –১৯ বাংলাদেশী:

বেআইনি অনুপ্রবেশের অভিযোগে বিএসএফ ১৯ জন বাংলাদেশি ও তিন ভারতীয়কে আটক করেছে। গতকাল বিএসএফ শালবাগান সদর দপ্তর জানিয়েছে, অনুপ্রবেশ, সীমান্ত পাচারের বেশ কয়েকটি প্রচেষ্টা ব্যর্থ করা হয়েছে। সোনামুড়া থানার কুলুবারি, আমতলী থানার জয়নগর, তেলিয়ামুড়া রেল স্টেশন, লংকামুড়া, ধর্মনগর চুড়াইবাড়ি রেল স্টেশন থেকে বেআইনি অনুপ্রবেশকারীদের আটক করা হয়। গত এক মাসে রাজ্যের সীমান্ত এলাকায় টহল দিয়ে ১৭ লক্ষ টাকার নেশাদ্রব্য উদ্ধার করা হয়েছে

BJP-Khowai :

কল্যাণপুর মন্ডলের যুব মোর্চার উদ্যোগে গতকাল চেবরী স্কুল মাঠে একটি যুব সমাবেশ অনুষ্ঠিত হয়। এই সমাবেশে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধায়ক পিনাকি দাস চৌধুরী, সুশান্ত দেব ও বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি বিনয় দেববর্মা।

ত্রিপুরার স্বর্ণপদক:

বাম্গালুরুতে ৪৫তম জাতীয় মাস্টার্স অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরা দ্বিতীয় দিনেও একটি স্বর্ণ সহ তিনটি পদক দখল করেছে। মহিলাদের ৫০ থেকে ৫৪ বছরের বিভাগে ৮০০ মিটার দৌড়ে মিতালী দেবনাথ স্বর্ণপদক ছিনিয়ে নেন।

এছাড়া মহিলাদের ৩০ থেকে ৩৪ বছরের বিভাগে লং জাম্পে উর্মিতা দেববর্মা ও পুরুষদের ৩০ থেকে ৩৪ বছরের বিভাগে শটপুটে বিকাশ দেববর্মা ব্রোঞ্জ পদক পান। এর আগে প্রথমদিনে ত্রিপুরা দুটি স্বর্ণ ও দুটি ব্রোঞ্জ পদক পেয়েছিল।

পুলিশ ফুটবল:

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার পুরুষ বিভাগের ফাইনালে সি আই এস এফ খেলবে বি এস এফ-এর বিরুদ্ধে। আজ সন্ধ্যায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে পুরুষ ও মহিলা বিভাগের ফাইনাল ম্যাচ দুটি হবে। গতকাল অনুষ্ঠিত পুরুষ বিভাগের দুটি সেমি-ফাইনালে সি আই এস এফ ১-০ গোলে সি আর পি এফ'কে এবং বি এস এফ ২-০ গোলে পাঞ্জাব পুলিশকে পরাজিত করে। অপরদিকে, মহিলা বিভাগের ফাইনালে আসাম রাইফেলস খেলবে এস এস বি দলের বিরুদ্ধে। এর আগে সকালে উভয় বিভাগের তৃতীয় স্থানের লড়াই হবে।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পরেছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস।
